

অফিস বদলের জন্য উপযুক্ত প্রতিষ্ঠান আবশ্যিক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সৃষ্টি ‘সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)’-এর প্রধান কার্যালয় অন্যত্র স্থানান্তরের জন্য বিভিন্ন প্রতিষ্ঠিত ‘অফিস বদলকারী প্রতিষ্ঠান’-এর নিকট থেকে নিজস্ব প্যাডে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রতিষ্ঠানসমূহ সরেজমিন এসডিএফ-এর বর্তমান অফিস এবং নতুন অফিস (যেখানে অফিস স্থানান্তরিত হবে) পরিদর্শনপূর্বক আর্থিক প্রস্তাবনা (সিফটিং চার্জ) দাখিল করবেন। নিম্নে বিস্তারিত বিবরণী প্রদান করা হলো:

ক্রঃনং	বিবরণ
০১।	<p>(ক) বর্তমান অফিস : জেড হাউজ, ৬/৬ ব্লক-এফ, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।</p> <p>(খ) নতুন অফিস (যেখানে অফিস স্থানান্তরিত হবে) : ২২/২২ খিলজি রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।</p> <p>(গ) পরিবর্তনের সময় : অক্টোবর মাহের ২০১৮ খ্রি:</p>
০২।	<p>শর্তাবলী এবং কাজের প্রকৃতি:</p> <p>(ক) বিষয়টি অফিস বদল সংক্রান্ত এবং অফিসের প্রতিটি ডকুমেন্ট শুরুত্বপূর্ণ বিবেচনায় অত্যন্ত সতর্কতা ও দৈর্ঘ্যের সাথে উক্ত কাজ সম্পন্ন করতে হবে। কোন প্রকার তাড়াভুংড়ো করা চলবে না অথবা স্বল্প সময়ে কাজ শেষ করার জন্য কোনওপকার চাপ প্রয়োগ বা অনুরোধ করা যাবে না।</p> <p>(খ) এসডিএফ কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক ক্ষুদ্র ক্ষুদ্র আকারে মালামাল স্থানান্তর করতে হবে এবং যথাযথভাবে স্থাপন করে দিতে হবে।</p> <p>(গ) অফিস সামগ্রী যেমন: কম্পিউটার, কম্পিউটার আইটেম, প্রিন্টার, ফটোকপিয়ার, মাল্টি মিডিয়া, ল্যাপটপ, টেলিভিশন, ইলেক্ট্রনিক সামগ্রী, ইলেকট্রিক সামগ্রী, মাবতীয় ফাইল, ডকুমেন্ট ইত্যাদি স্থানান্তরের জন্য উন্নতমানের কার্টুন ব্যবহার করতে হবে। উল্লেখ্য, উক্ত কার্টুনে মালামাল অত্যন্ত সাবধানে প্যাকিং করতে হবে।</p> <p>(ঘ) কম্পিউটার, এয়ার কুলার, ফ্যান, লাইট বা এধরণের ইলেক্ট্রনিক সামগ্রীর ক্ষেত্রে সংযোগ খোলা বা পুনঃসংযোগের দায়িত্ব এসডিএফ কর্তৃক গ্রহণ করবে। অফিস বদলকারী প্রতিষ্ঠান শুধু উক্ত মালামাল প্যাকিং, পরিবহণ, স্থানান্তর ও প্রয়োজনানুযায়ী আনপ্যাক করার কাজ করবেন।</p> <p>(ঙ) আসবাবপত্র যেমন টেবিল, চেয়ার, রেক, সোফা, আলমারি, কেবিনেট, শেল্ফ ও অন্যান্য বিভিন্ন আইটেম দক্ষ শ্রমিকের মাধ্যমে স্থানান্তর করতে হবে।</p> <p>(চ) মালামাল প্যাকিং করা বা প্যাকিং খোলা, উঠানো বা নামানো এবং পরিবহণের সময় উক্ত মালামালের কোন প্রকার ক্ষতি হলে অথবা ভেঙ্গে গেলে সম্পূর্ণ ক্ষতিপূরণ অফিস বদলকারী প্রতিষ্ঠানের কর্তৃক এসডিএফ কে প্রদান করতে হবে। অন্যথায় এসডিএফ কর্তৃক অফিস বদলকারী প্রতিষ্ঠানের নিকট থেকে সমপরিমান অর্থ কর্তন করা হবে।</p> <p>(ছ) মালামাল পরিবহণের সময় যেকোন ধরণের খরচ বা চার্জ অফিস বদলকারী প্রতিষ্ঠান নিজ দায়িত্বে বহণ করবেন।</p> <p>(জ) উক্ত সিফটিং-এর সময় যে কোন ধরণের দুর্ঘটনার জন্য সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) কর্তৃপক্ষ দায়ী থাকবে না।</p>
৩।	মালামাল পরিবহনের ক্ষেত্রে কাভার্ড ভ্যান বা পিকআপ ব্যবহার করতে হবে, কোন টেলাগাড়ি বা তিন চাকার ভ্যান ব্যবহার করা যাবে না,
৪।	আগ্রহী প্রতিষ্ঠানের ভ্যাট রেজিস্ট্রেশন, টিআইএন সার্টিফিকেট ও হালনাগাদ আয়কর পরিশোধ সার্টিফিকেট থাকতে হবে।
৫।	<p>বিল প্রদান:</p> <p>(ক) অফিস সিফটিং-এর সম্পূর্ণ কাজ সন্তোষজনকভাবে সম্পাদনের পর অফিস বদলকারী প্রতিষ্ঠান-কর্তৃক বিল দাখিলের প্রেক্ষিতে এসডিএফ-কর্তৃক যথানিয়মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে একাউন্ট পেই চেকের মাধ্যমে বিল প্রদান করা হবে।</p> <p>(খ) কোনক্রমেই অগ্রিম বা আংশিক বিল প্রদান করা হবে না, কার্যশেষে সমগ্র বিল প্রদান করা হবে।</p> <p>(গ) দেশের প্রচলিত নিয়ম অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট থেকে উৎসে ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।</p>
৬।	আবেদনপত্র প্রেরণের ঠিকানা: ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), জেড হাউজ, ৬/৬ ব্লক-এফ, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
৭।	আবেদনপত্র প্রেরণের শেষ সময় : ০৬/০৯/২০১৮ তারিখ বিকেল ০৫:০০ টা।
৮।	কর্তৃপক্ষ যেকোন/সকল আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।